দৈনিক ইত্তেফাক

তারিখ 25 NOV 1991
পৃষ্ঠা ১২ কলাম ৬
২৬
08

# শিক্ষাঙ্গন হইতে অস্ত্রধারীদের উৎখাত না করা হইলে ভবিষ্যৎ প্রজন্ম ধ্বংস হইবে

…………………………… মিজান চৌধুরী

খুলনা অফিস ॥ জাতীয় পার্টির ভারপ্রাপ্ত চেয়ারম্যান মিজানুর রহমান চৌধুরী এমপি বলিয়াছেন, বর্তমান সরকারের অপসারণ জাতীয় পার্টি চাহে না। কারণ সরকারের ব্যর্থতা ও অপসারণ জনগণের দুর্ভোগ আনে। গতকাল রবিবার খুলনা জেলা আইনজীবীদের সমাবেশে তিনি বলেন, উপজেলা পদ্ধতি বাতিল করিয়া সরকার একটি গণবিরোধী পদক্ষেপ নিয়াছেন। উপজেলা পদ্ধতি বাতিল করায় গ্রাম-গঞ্জের উন্নয়ন ও কর্মকাণ্ড স্তব্ধ হইয়া যাইবে। তিনি বলেন, শিক্ষাঙ্গন হইতে অস্ত্রধারীদের উৎখাত করা না হইলে ভবিষ্যৎ প্রজন্ম ধ্বংস হইয়া যাইবে।

এ্যাডভোকেট মোজাম্মেল-উল-হকের সভাপতিত্বে এ সমাবেশে আরও বক্তব্য রাখেন প্রাক্তন মন্ত্রী এ্যাডভোকেট মমিন উদ্দিন আহমদ, আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক এ্যাডভোকেট আ, ফ, ম, মহসীন প্রমুখ।